

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৪৯

ভূমিকা পর্ব (كتاب المقدمة)

পরিচ্ছেদঃ ২৪. সালমান, আবৃ যার ও মিরুদাদ (রাঃ)-এর সম্মান

بَابِ فَضْل سَلْمَانَ وَأَبِي ذَرٍّ وَالْمِقْدَادِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُوسَى، وَسُوَيْدُ بْنُ سَعِيد، قَالاَ حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ أَبِي رَبِيعَةَ الإِيَادِيِّ، عَنِ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ " إِنَّ اللَّهَ أَمَرَنِي عَنِ ابْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ " إِنَّ اللَّهَ أَمَرَنِي بِحُبِّ إِنَّ اللَّهَ أَمرَنِي أَنَّهُ يُحِبُّهُمْ " . قِيلَ يَا رَسُولَ اللَّهِ مَنْ هُمْ قَالَ " عَلِيٌّ مِنْهُمْ " . يَقُولُ ذَلِكَ ثَلاَتًا " وَأَبُو ذَرِّ وَسَلْمَانُ وَالْمِقْدَادُ " .

বাংলা

১/১৪৯। বুরাইদাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তাআলা চার ব্যাক্তিকে ভালোবাসতে আমাকে নির্দেশ দিয়েছেন এবং আমাকে অবহিত করেছেন যে, তিনিও তাদের ভালোবাসেন। বলা হল, হে আল্লাহ্র রাসূল! তারা কারা? তিনি বলেনঃ আলী তাদের অন্তর্ভুক্ত। এ কথাটি তিনি তিনবার বলেন। (অপর তিনজন) আবু যার, সালমান ও মিক্কদাদ।

English

Ibn Buraidah narrated that his father said:

"The Messenger of Allah said: 'Allah has commanded me to love four people, and He told me that He also loves them.' He was asked: 'O Messenger of Allah, who are they?' He said: ''Ali is one of them,' and he said that three times, 'and Abu Dharr, Salman and Migdad.'"

ফুটনোট

তাখরীজ কুতুবৃত সিত্তাহ: তিরমিয়ী ৩৭১৮, আহমাদ ২২৪৫৯, ২২৫০৫; যঈফাহ ১৫৪৯।

তাহ্কীক আলবানী: দুর্বল। তাখরীজ আলবানী: জামি সগীর ১৫৬৬, তিরমিয়ী ৩৭১৮ যঈফ, মিশকাত ৬২৪৯,



যঈফা ৪/১৫৪৯, ৭/৩১২৮। উক্ত হাদিসের রাবী ১. ইসমাইল বিন মুসা সম্পর্কে আবু দাউদ আস-সাজিসতানী, আবু হাতীম আর-রাযী ও মুতায়্যান বলেন, তিনি সত্যবাদী। ২. শারীক সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সত্যবাদী। ইয়াহইয়া বিন মাঈন বলেন তিনি সত্যবাদী কিন্তু যখন তার হাদিস সিকাহ রাবীর বিপরীত হয় তখন তিনি তার মত পরিবর্তন করে নেন এটা আমার নিকট অধিক পছন্দনীয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সিকাহ তবে হাদিস বর্ণনায় ভুল করেন। আবু হাতীম আর-রাযী বলেন তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। ইয়াহইয়া বিন সাঈদ আল কান্তান বলেন, আমি তাকে হাদিসে সংমিশ্রণ করতে দেখেছি। ৩. আবু রাবীআহ সম্পর্কে ইমাম যাহাবী তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন